দৈনিক জনকণ্ঠ

তারিখ ০1 1-AUG 1994
পৃষ্ঠা ১ কলাম ৮

26

পরীক্ষার্থী ও অভিভাবকদের উদ্বেগ

# ১৫ ও ২১ আগস্ট এইচএসসি পরীক্ষা হবে কি ?

জনকণ্ঠ রিপোর্ট

আগামী ১৫ ও ২১ আগস্টের এইচএসসি পরীক্ষা নিয়ে পরীক্ষার্থী ও অভিভাবকরা উদ্বিগ্ন। বর্তমানে একযোগে চারটি শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষা চলছে। উল্লিখিত দু'টি তারিখেও পরীক্ষা রয়েছে। কিন্তু বঙ্গবন্ধু হত্যার বিচার ও ইনডেমনিটি আইন বাতিলের দাবিতে আওয়ামী লীগ ১৫ আগস্ট সারাদেশে অর্ধদিবস হরতাল আহ্বান করেছে। গত ২৬ জুলাই এ কর্মসূচী ঘোষণা করা হয়। ২১ আগস্ট পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী উপলক্ষে সরকারী ছুটি থাকবে। তাই

(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## ১৫ ও ২১ আগস্ট

(প্রথম পাতার পর)

এই দু'দিনের পরীক্ষা অনুষ্ঠান নিয়ে পরীক্ষার্থীদের মাঝে অনিশ্চয়তার সৃষ্টি হয়েছে।

১৫ আগস্টের কর্মসূচীর ব্যাপারে বুধবার যোগাযোগ করা হলে আওয়ামী লীগের কোন কেন্দ্রীয় নেতাকে ঢাকায় পাওয়া যায়নি। বঙ্গবন্ধুর মৃত্যু দিবস উপলক্ষে টুঙ্গীপাড়ায় আয়োজিত সপ্তাহব্যাপী কর্মসূচীতে যোগ দেয়ার জন্য কেন্দ্রীয় নেতৃবৃন্দ সকালে টুঙ্গীপাড়া রওনা হয়ে যান। দলের অন্য কেউ এ বিষয়ে কিছু বলতে অপারগতা প্রকাশ করেন।

১৫ ও ২১ আগস্টের পরীক্ষা সম্পর্কে জানতে চাইলে ঢাকা শিক্ষা বোর্ডের একজন কর্মকর্তা দৈনিক জনকণ্ঠকে বলেন, বিষয়টি নিয়ে ইতোমধ্যেই আলোচনা হয়েছে। উল্লিখিত, দু'দিনের পরীক্ষার তারিখ পিছিয়ে দেয়ার আভাস দিয়ে তিনি জানান, শিক্ষা মন্ত্রণালয় এ ব্যাপারে সিদ্ধান্ত নিয়ে তা বিজ্ঞপ্তি আকারে যথাসময়ে প্রচার করবে।